দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

স্মারক নম্বর ০৪.০১.০০০০.১০৪.৭২.০০১.২৫.৪৭৩৭০

তারিখ: ২৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের নিম্নলিখিত শূন্য পদসমূহ অস্থায়ীভিত্তিতে পূরণের জন্য পদের নামের পার্শ্বে বর্ণিত জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (Online) আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতনক্রম | শূন্য পদের সংখ্যা | নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক | জাতীয় বেতনক্রম: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ২০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী |
| ২. | উপসহকারী পরিচালক | জাতীয় বেতনক্রম: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৫০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী |
| ৩. | কোর্ট পরিদর্শক | জাতীয় বেতনক্রম: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী অথবা এলএলবি ডিগ্রী |
| ৪. | সহকারী পরিদর্শক | জাতীয় বেতনক্রম: ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | ১০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী |
| ৫. | হিসাবরক্ষক | জাতীয় বেতনক্রম: ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী |
| ৬. | ক্যাশিয়ার | জাতীয় বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ১ | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য শাখায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট |
| | | মোট= | ৮৫ | |

**অনলাইনে (online) আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি দুর্নীতি দমন কমিশনের www.acc.org.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

২। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;

৩। আবেদনকারীর বয়স ১ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩২ বৎসর হতে হবে এবং ০১, ০২, ০৩, ০৪ ও ০৫ নং পদসমূহের ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে ৫ (পাঁচ) বছর শিথিলযোগ্য;

৪। অনলাইনে আবেদন করার সময় বিভাগীয় প্রার্থী কর্তৃক Departmental Candidate-এর তথ্য উল্লেখপূর্বক অবশ্যই আবেদনপত্র পূরণ করতে হবে। তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে এবং অনাপত্তিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে প্রদর্শন করতে হবে;

৫। নিয়োগের ক্ষেত্রে সরকার এবং কমিশনের বিদ্যমান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৬। ক্রমিক নং ১, ২ ও ৩-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ২২৩/- টাকা,** ক্রমিক নং ৪ ও ৫-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১৮/- টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ১৬৮/- টাকা এবং** ক্রমিক নং ৬-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ১১২/- টাকা** আবেদনের নিয়মাবলী অনুসরণ করে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে SMS-এর মাধ্যমে প্রদান করতে হবে।

৭। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না;

১০। এস.এস.সি ও সমমান, এইচ.এস.সি ও সমমান এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ তথা প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণির সমতাকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

১১। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র আবশ্যিকভাবে দাখিল করতে হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি:

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **https://acc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময় ১৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময় ০৫ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন । যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতি তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১, ২ ও ৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ২২৩/- টাকা,** ৪ ও ৫ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১৮/- টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ১৬৮/- টাকা এবং** ৬ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ১১২/- টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম **SMS: ACC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : **ACC ABCDEF & send to 16222**

**Reply:** Applicant's Name, TK-223/168/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ACC <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় **SMS: ACC<space>Yes<space> PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **ACC Yes 12345678**

**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for ACC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **https://acc.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) User ID জানা থাকলে:**

**ACC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example : **ACC Help User ABCDEF** & Send to 16222.

**(ii) PIN Number জানা থাকলে:**

**ACC**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example : **ACC Help PIN 12345678** & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কমিশনের ওয়েবসাইট www.acc.org.bd এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.acc.org.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: ACC, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৩। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

দুর্নীতি দমন কমিশন এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

দুর্নীতি দমন কমিশন এর টেলিটক জব পোর্টালে প্রবেশ এর QR Code

১৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে; এবং প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) যদি কোন প্রার্থী প্রকৃত বাংলাদেশী নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৫। নির্বাচন পদ্ধতি:

(ক) বাছাই পরীক্ষা: প্রাপ্ত দরখাস্ত বাছাইয়ের পর ১ হতে ৬ নম্বর ক্রমিকের যোগ্য প্রার্থীদেরকে ১০০ নম্বরের প্রাথমিক বাছাই পরীক্ষার জন্য আহ্বান করা হবে। প্রাথমিক বাছাই পরীক্ষায় যে সকল প্রার্থী যোগ্য বলে বিবেচিত হবে তাদেরকে লিখিত পরীক্ষার জন্য আহ্বান করা হবে।

(খ) লিখিত পরীক্ষা: ক্রমিক নং ১ হতে ৩ পর্যন্ত নিয়োগ প্রার্থীদের নিম্নবর্ণিত বিষয়ে মোট ৩০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক ও কোর্ট পরিদর্শক পদের প্রার্থীদের পরীক্ষার সিলেবাস ও মানবণ্টন নিম্নরূপ:

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় | নৈর্ব্যক্তিক/রচনামূলক | মান বন্টন |
|---|---|---|---|
| ০১। | বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী (বাংলা ও ইংরেজী) | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৩০+৩০=৬০<br>২০+২০=৪০<br>মোট= ১০০ |
| ০২। | চলতি ঘটনাবলী ও সাধারণ জ্ঞান | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৫০<br>৫০<br>মোট= ১০০ |
| ০৩। | কম্পিউটার (মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, একসেস, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ব্রাউজিং ইত্যাদি) | ক) লিখিত<br>খ) ব্যবহারিক | ৫০<br>৫০<br>মোট= ১০০ |

শর্তাবলী:

(i) ১০০ নম্বরে লিখিত পরীক্ষার জন্য দুই ঘন্টা সময় নির্ধারিত থাকিবে।

(ii) প্রত্যেক বিষয়ে পরীক্ষার পাশ নম্বর ৫০% হইবে। প্রতিটি বিষয়ে পৃথকভাবে পাশ করিতে হইবে।

(iii) লিখিত পরীক্ষার আগে প্রাথমিক বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কেবলমাত্র প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবেন।

(iv) কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে চূড়ান্তভাবে মনোনয়নের লক্ষ্যে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে।

(v) কমিশন প্রয়োজনমত প্রজ্ঞাপন জারি করত: পরীক্ষার সিলেবাস ও মানবন্টন পরিবর্তন করিতে পারিবে।

(গ) লিখিত পরীক্ষা: ক্রমিক নং ৪ হতে ৬ পর্যন্ত নিয়োগ প্রার্থীদের নিম্নবর্ণিত বিষয়ে মোট ৩০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে;

সহকারী পরিদর্শক, হিসাবরক্ষক ও ক্যাশিয়ার পদের প্রার্থীদের পরীক্ষার সিলেবাস ও মানবণ্টন নিম্নরূপ:

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় | নৈর্ব্যক্তিক/রচনামূলক | মান বন্টন |
|---|---|---|---|
| ০১। | বাংলা ও ইংরেজী | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৩০+৩০=৬০<br>২০+২০=৪০<br>মোট= ১০০ |
| ০২। | চলতি ঘটনাবলী ও সাধারণ জ্ঞান | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৫০<br>৫০<br>মোট= ১০০ |
| ০৩। | কম্পিউটার (মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, একসেস, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ব্রাউজিং ইত্যাদি) | ক) লিখিত<br>খ) ব্যবহারিক | ৫০<br>৫০<br>মোট= ১০০ |

শর্তাবলী:

(i) ১০০ নম্বরে লিখিত পরীক্ষার জন্য দুই ঘন্টা সময় নির্ধারিত থাকিবে।

(ii) প্রত্যেক বিষয়ে পরীক্ষার পাশ নম্বর ৫০% হইবে। প্রতিটি বিষয়ে পৃথকভাবে পাশ করিতে হইবে।

(iii) লিখিত পরীক্ষার আগে প্রাথমিক বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কেবলমাত্র প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবেন।

(iv) কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে চূড়ান্তভাবে মনোনয়নের লক্ষ্যে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে।

(v) কমিশন প্রয়োজনমত প্রজ্ঞাপন জারি করত: পরীক্ষার সিলেবাস ও মানবন্টন পরিবর্তন করিতে পারিবে।

(ঘ) মৌখিক পরীক্ষা: বর্ণিত লিখিত পরীক্ষায় কৃতকার্য ১ থেকে ৬নং ক্রমিকের প্রার্থীদের বাছাইয়ের জন্য গঠিত কমিটি কর্তৃক ৫০ নম্বরের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১৬। **বিবিধ:**

(ক) মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (i) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র (ii) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (iii) প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (iv) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি আনতে হবে (v) চাকরিরত ব্যক্তিদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে; অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং (vi) বীর মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে;

(খ) অসত্য/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ক্রটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(গ) নিয়োগকৃত ব্যক্তিদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ভেরিফিকেশন করা হবে;

(ঘ) বিবাহিত মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;

(ঙ) নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হইতে পূরণ করা হবে।

১৭। নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংযোজন/বিয়োজন ও পরিমার্জন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং তা করা হলে দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইটে (www.acc.org.bd) প্রকাশ করা হবে।

১৮। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮/০৯/২০২৫খ্রি.

দাউদ হোসেন চৌধুরী
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি
দুর্নীতি দমন কমিশন